

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।



পত্র সংখ্যা -০৩.০২.০০০০, ১০১.১৪.২৬২.২০- । গতিঃ

তারিখ ০২ ফেব্রুয়ারি ১৪২৭ বঙ্গদ
১৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : মুজিববর্ষ উপলক্ষে ২ শতাংশ খাস জমি বন্দোবস্ত প্রদানপূর্বক দ্বিতীয় পর্যায়ে নির্মিতব্য একক গৃহ নির্মাণ ও গৃহ বরাদের জন্য
অনুসরণীয় নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুজিববর্ষে “বাংলাদেশের একজন মানুষও গৃহহীন থাকবে না” - মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নে দেশের সকল ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ ‘ক’ শ্রেণির পরিবার পুনর্বাসনের কার্যক্রম চলমান রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী গত ২৩ জানুয়ারি ২০২১ খ্রি. তারিখে ১ম পর্যায়ে ৬৯,৯০৪ টি উপকারভোগী পরিবারের নিকট উক্ত গৃহ হস্তান্তর কার্যক্রমের শুভ উদ্বোধন করেন। উক্ত কার্যক্রমের ২য় পর্যায়ের গৃহ নির্মাণ ও গৃহ বরাদের ফেছে অনুসরণীয় নির্দেশনা নিম্নরূপ:

- (১) শুধুমাত্র ‘ক’ শ্রেণি অর্থাৎ প্রকৃত ভূমিহীন ও গৃহহীন পরিবার নির্বাচন করে জমি ও গৃহ প্রদান করতে হবে। এক্ষেত্রে ভিক্ষুক, প্রতিবন্ধী, বিধবা, স্বামী পরিয়ত্বা, ঘাটোর্খ প্রীতি ব্যক্তিগণকে অধ্যাধিকার প্রদান করে উপজেলা টাঙ্কফোর্স কমিটি উপকারভোগী নির্বাচন করবে। নির্বাচিত উপকারভোগী অন্য কোন সংস্থা হতে জমি বা গৃহ পায়নি সে বিষয়টি আবশ্যিকভাবে নিশ্চিত হতে হবে। এইসাথে উপকারভোগী নির্বাচনে সর্বোচ্চ সততা ও নৈতিকতা বজায় রাখতে হবে।
- (২) জমির মালিকানা রয়েছে এমন কেউ চলমান গৃহ প্রদান কার্যক্রমের আওতায় আসবেন না।
- (৩) সংশোধিত নকশা ও প্রাক্কলন আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।
- (৪) নির্মাণ সামগ্রী (কাঠ, টিন, ইট, বালু, সিমেন্ট ইত্যাদি) এর গুণগতমান নিশ্চিত হয়ে সঠিকভাবে ব্যবহার করতে হবে।
- (৫) নির্মাণ কাজের গুণগতমান আবশ্যিকভাবে বজায় রাখতে হবে।
- (৬) নির্মাণ কাজ চলাকালীন যথাযথ কিউরিং ও বালু-সিমেন্টের মিশ্রণ অনুপাত সঠিকভাবে করতে হবে।
- (৭) মাটি/বালু দ্বারা ভরাটের ফেছে Compaction এর বিষয়টি প্রকৌশলগতভাবে নিশ্চিত হয়ে গৃহ নির্মাণ কাজ শুরু করতে হবে।
- (৮) গুণগতমান নিশ্চিতকলে পূর্ত কাজ সম্পাদনে প্রয়োজনীয় ন্যূনতম সময়সীমা ও পর্যায়ক্রমিক ধাপ অনুসরণ করতে হবে।
- (৯) প্রকল্প বাস্তবায়ন কমিটি(PIC) এর সকল সদস্যগণ নির্মাণ কাজ তদনৱকিতে তৎপর থাকবেন।
- (১০) জেলা টাঙ্কফোর্স ও উপজেলা টাঙ্কফোর্স কমিটির নিয়মিত সভা করতে হবে।
- (১১) জেলা মনিটরিং কমিটির কর্মসূচি আরও বৃদ্ধি করতে হবে।
- (১২) বিচ্ছিন্ন/দুর্বম/নদী ভাসন প্রবণ এলাকায় গৃহ নির্মাণ করা যাবে না। নির্বাচিত জায়গাটি প্রোথ সেন্টারের নিকটবর্তী হতে হবে।
- (১৩) গুচ্ছকারে গৃহ নির্মাণের ক্ষেত্রে যৌক্তিকভাবে উপর্যুক্ত ও সুন্দর লে-আউট প্ল্যান করতে হবে।
- (১৪) উপকারভোগী নির্বাচনের পূর্বে বিদ্যমান তালিকা যাচাই করতে হবে। তালিকার বাইরে প্রকৃত ভূমিহীন ও গৃহহীন পরিবার থাকলে তারাও গৃহ নির্মাণের আওতায় আসবে। তবে, এক্ষেত্রে উপজেলা টাঙ্কফোর্স কমিটির অনুমোদন নিতে হবে।
- (১৫) কোন অবস্থাতেই উপকারভোগী নির্বাচনে প্রকৃত ভূমিহীন ও গৃহহীন পরিবার থাকবে।

এ কার্যক্রমের জন্য প্রণীত নীতিমালায় বর্ণিত অপরাপর বিষয়সমূহ বলবৎ থাকবে।

১৫/২/১৪২১
(মোঃ তোফাজল হোসেন মিয়া)
সচিব

ফোন: ৫৫০২৯৪৫৮
ই-মেইল: secretary@pmo.gov.bd

বিতরণ কার্যালয় :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় (সদয় অবগতির জন্য)।
০২। সিনিয়র সচিব/সচিব, -----।
০৩। বিভাগীয় কমিশনার, ------(সকল)।
০৪। জেলা প্রশাসক,------(সকল)।
০৫। উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল),-----উপজেলা, -----জেলা।
০৬। উপজেলা নির্বাচী অফিসার (সকল),-----উপজেলা, -----জেলা।
০৭। অফিস বণ্পি।